Now, George booked for code violation

Khwaja Jamal
Muzaffarpur, December 25

THE JURY is still out on railways minister Lalu Prasad Yadav. On Saturday, poll-time charity in Bihar sucked in yet another high-level campaigner — NDA convener George Fernandes.

The authorities have lodged an FIR against him and other JD-U functionaries with the Ahiyapur police station, for allegedly violating the model code of conduct. The case was registered under Sections 170,171(b) of the IPC.

Fernandes landed in trouble when JD(U) leaders — including district party chief Rajeshwar Sah, Vijaya Singh and Vinod Choudhary — doled out cash to a woman at SKMC hospital here in his presence. The woman, Sunita Devi, had recently attempted suicide along with her two children by jumping into a river. The family had gone without food for days.

Fernandes, however, denied that he had given money. "It's a baseless allegation. I've not given money to anybody," he said in Chapra. When asked whether he would clarify his stand before the EC, he said: "I will neither meet the EC nor clarify anything."

Last week, the RJD chief was caught on camera distributing cash to villagers near Patna. The EC had sent an official to Patna to inquire into allegations of largescale misuse of official machinery to prepare for the December 23 RJD rally, which was eventually called off.

Sources said Fernandes, who represents Muzaffarpur in the Lok Sabha, visited the hospital after pressure from local leaders, including Sah. He spent 15 minutes there and was with Sah, Singh and Choudhary.

Sah allegedly gave five 100-rupee notes to Devi. Singh and Choudhary, too, opened their wallets in Fernandes' presence and gave Rs 1000 each, sources said. Following a tip-off, the DM rushed to the hospital. He told *HT* that he had recovered a Rs 500 note from Sunita Devi.

Caught red-handed?

- Fernandes faces FIR as cash was given to a woman in his presence
- Legal experts say Fernandes himself did not give money, so cannot be charged
- FIR was lodged by district authorities, but EC has yet to comment on it
- EC is likely to launch its probe before initiating action

26 DEC 2004 THE HINDUSTAN TIMES

25 DEC 2004

ANANDABAZAR PATRIKA

কড়া রিপোর্টে আরও বিপাকে লালু

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি, ২৪ ডিসেম্বর: গোদের উপরে বিষফোড়া। বিহার নির্বাচনের মুখে ফ্যাসাদ ক্রমশ বেড়েই চলেছে লালুপ্রসাদ যাদবের।

পটনা ঘুরে এসে আজ নির্বাচন কমিশনের পর্যবেক্ষক কে জে রাও তাঁর যে রিপোর্ট কমিশনের কাছে জমা দিয়েছেন, তাতে তিনি রাজ্য প্রশাসন-যন্ত্রের অপব্যবহার নিয়ে বিস্তর অভিযোগ দায়ের করেছেন। ভোট কিনতে দলিত-বস্তিতে টাকা বিলির সঙ্গে সঙ্গে সরকারি ক্ষমতা অপব্যবহারের নতুন অভিযোগ ওঠায় বেগতিক লালু এখন অনেকটাই রক্ষণাত্মক। দুপুরে মুখ্য নির্বাচন কমিশনার তরুবর সুব্বাইয়া কৃষ্ণমূর্তি এবং অন্য দুই কমিশনারের সঙ্গে দেখা করেন লালু। কেন তাঁর দলের স্বীকৃতি বাতিল করা হবে না, এই প্রশ্নের লিখিত জবাব দেওয়ার পাশাপাশি নিজেকে নির্দোষ প্রমাণ করতে আধঘণ্টারও বেশি সময় ধরে সওয়াল করেন বিহারের সুপ্রিমো।



অব হমে জানে দিজিয়ে—নাছোড় সাংবাদিকদের কাছে অনুনয়। —পি টি আই

দু'পক্ষের বক্তব্য হাতে এসেছে। কমিশন সূত্রের খবর, কিছুদিনের মধ্যেই এই নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে কমিশনের পূর্ণাঙ্গ বৈঠকে। রাওয়ের রিপোর্টে লালুকে শাস্তি দেওয়ার কোনও প্রস্তাব না থাকলেও পর্যবেক্ষণে বিস্তর অভিযোগ করা হয়েছে। রাও রাতে বলেন, "আমি যা যা দেখেছি, সেটাই লিখেছি। বিহারে নির্বাচনের আগে কী ভাবে প্রশাসনযন্ত্র কাজ করছে, তা নিয়ে আমার মন্তব্য কমিশনকে জানিয়েছি। তবে লালুপ্রসাদের ক্ষেত্রে ঠিক কী করা উচিত, সেই বিষয়ে আমার রিপোর্টে কোনও সুনির্দিষ্ট পরামর্শ দিইনি।"

কমিশনের শীর্ষ সূত্রের খবর, লালুর দল আর জে ডি-র স্বীকৃতি বাতিল করার মতো চরম ব্যবস্থা নেওয়ার সম্ভাবনা কম হলেও কমিশন আরও কঠোর হাতে নির্বাচনী ব্যবস্থা সামলাবে। ভোটের দিন রাজ্যের ভোটকেন্দ্রগুলিতে কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী যত বেশি সম্ভব নিয়োগের নির্দেশ দিতে পারে কমিশন। রাজ্যের পুলিশের বদলে কেন্দ্রীয় বাহিনী থাকলে রাজনৈতিক দলগুলির পক্ষে গণ্ডগোল পাকানো কঠিন হয়ে পড়ে। শুধু এই ব্যবস্থাই নয়, বাইরের রাজ্য থেকে আরও বেশি সংখ্যক ভোটকর্মী আনতে পারে কমিশন, যাতে শাসক দল প্রশাসন ও সরকারি কর্মীদের সাহায্য নিতে না পারে।

ইতিমধ্যেই কমিশনের ভয়ে লালু তাঁর 'মহারালা' বন্ধ করে দিয়েছেন। তার পরে আজ যে লালুপ্রসাদ কমিশনের সামনে এলেন, তিনি একেবারেই রক্ষণাত্মক। টাকা বিলির অভিযোগকে খণ্ডন করে তিনি এতদিন বলেছিলেন, "আমি তো টাকা নিইনি। দিয়েছি কেবল।" আজ তিনি সুর পাল্টে বলেছেন, "আমি কাউকে ঘুষ দিইনি। আমার গরিব পার্টি। এই সব বিজেপির ষড়যন্ত্র।" আপনি কি আবার মিষ্টি খেতে টাকা দেবেন? লালুর জবাব, "নমস্তে। অব হমে জানে দিজিয়ে।" অশোক রোডে নির্বাচন সদন থেকে বেরিয়ে লালু দাবি করেছেন, "রাজ্য মেশিনারির কোথাও কোনও অপপ্রয়োগ হয়নি।" যদিও রাওয়ের রিপোর্টে বিস্তারিত ভাবে বলা হয়েছে, কীভাবে নিয়ম ভেঙে যত্রতত্র ব্যানার পোস্টার লাগানো হয়েছে। রেল স্টেশন, সরকারি দফতর, এমনকী থানাতেও পড়েছে পোস্টার। এবং এইভাবে শাসক দলকে প্রচারে সুবিধা করে দিতে প্রভূত সাহায্য করেছে সরকারি কর্মীরা। রাজ্য সরকারের প্রশাসনযন্ত্রকে কী ভাবে অপব্যবহার করা হয়েছে।

গরিবদের 'মিষ্টি খেতে' টাকা দিয়ে রাজনৈতিক ভাবে লালুপ্রসাদ কতটা ফায়দা তুলতে পারবেন, তার প্রমাণ মিলবে ভোটের ফল বেরোনোর পরে। কিন্তু তার আগে কমিশনের সঙ্গে অযথা লড়াইয়ে পড়ে এখন রক্ষণাত্মক ভূমিকা নিতে হচ্ছে লালুকে। এই চাপের মধ্যে থাকার ফলে কংগ্রেসও আসন দরাদরির ক্ষেত্রে নিজেদের চাপ বাড়াতে পারবে, কেন না সব দিক বিবেচনা করে লালুর পক্ষে এখন কংগ্রেসের সঙ্গে বেশি দর কষাকষি করা সম্ভব নয়।

CASHING IN

How politicians thrive on a votes-for-cash strategy is one of the worst kept secrets of Indian democracy. But only someone like Mr Laloo Prasad Yadav can brazenly pretend that there is nothing wrong about it. There is a sinister disregard for all norms and codes of public conduct in his seemingly ridiculous reaction to the Election Commission's charge against him. Faced with apparently irrefutable evidence, he could not deny that he had distributed money to some people even after the schedule for the assembly elections in Bihar had been announced. What he did was even more offensive — he sought to defend his action in the name of the people. It may be tempting to laugh at his attempted self-defence, but it is no laughing matter. The plea that he had distributed the money to people who had wanted him to "greet them with sweets for becoming the railway minister" is too facetious to be taken seriously.

But Mr Yadav's cynicism brings into focus a deeper malaise in the electoral system. It is not that politicians do not know what actions of theirs or those of their parties constitute a violation of the EC's rules. It is their open manipulation of the popular will and their shameless subversion of the law that threaten Indian democracy. Mr Yadav knew that he had violated the rules, but he obviously thought that he would not be held accountable for doing so.

Unfortunately, years of lukewarm responses by the EC to such abuses emboldened the politicians. They became reckless in their use of money, muscle power and other unfair methods because they feared no punishment. The EC's action against Mr Yadav and his Rashtriya Janata Dal reflects a new anxiety to clean up electoral politics. In fact, the party faces a truly difficult test. While the EC has sometimes taken individuals or parties to task for indulging in unfair electoral practices, it has never before threatened to de-recognize a party on such charges. This should be a warning to all politicians and parties who routinely violate the poll codes. This is a lesson also for the parties which have their own reasons to gloat over Mr Yadav's discomfiture. Irrespective of whether the RJD eventually loses its recognition or not, the EC must use the opportunity to discipline the parties. The episode must have come as a major embarrassment for the United Progressive Alliance and also for the Congress, which is the RJD's electoral ally in Bihar. The Bharatiya Janata Party and its allies in the National Democratic Alliance would naturally see an opportunity in it. But the larger interests of democracy and of a healthy political process demand that the parties help the EC's clean-up drive. Buying or selling votes is an insult to the people whom the politicians claim to represent. Politicians have played the dangerous game for far too long.

22 DEC 2004 THE TELEGRAPH

21 DEC 2004

ANANDABAZAR PATRIKA

টাকা বিলোনোয় লালুর নামে এফ আই আর

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি ও পটনা, ২০ ডিসেম্বর: দলিত বস্তিতে গিয়ে টাকা বিলোনোর দায়ে নির্বাচন কমিশনের কোপে পড়েছেন রেলমন্ত্রী লালুপ্রসাদ যাদব। কমিশনের নির্দেশে ভোটারদের ঘুষ দেওয়ার অভিযোগে আরজেডি সভাপতি লালুপ্রসাদের বিরুদ্ধে এফআইআর দাখিল করা হয়েছে। আরজেডি-র স্বীকৃতি কেন বাতিল করা হবে না, তার জবাবও ২৪ ডিসেম্বর বিকেল তিনটের মধ্যে দিতে হবে লালুকে। ২৩ তারিখে লালুর 'মহার‍্যালা' বা জনসমাবেশ নিয়েও একগুচ্ছ নিষেধাজ্ঞা জারি হয়েছে।

নির্বাচন কমিশনের নির্দেশ পেয়ে আজই বিহারের মুখ্য নির্বাচন আধিকারিক পটনা জেলার বিহটা থানায় ভারতীয় দণ্ডবিধির ১৭১ বি ধারায় এফআইআর দায়ের করেছেন। এই ধারায় নির্বাচনের সময়ে কাউকে 'ঘুষ দিয়ে প্রভাবিত' করার অভিযোগ আনা হয়েছে লালুর বিরুদ্ধে। অভিযোগ প্রমাণিত হলে দোষী ব্যক্তির এক বছরের জেল এবং জরিমানা অথবা দুই শাস্তিই একসঙ্গে হতে পারে। অন্যদিকে, আরজেডি-র অনুমোদন বাতিল করা হলে দলীয় প্রতীক ছাড়াই নির্দল প্রার্থী হিসাবে লড়তে হবে আরজেডি নেতাদের। কমিশনের সচিব এ কে মজুমদার জানিয়েছেন, "১৭১ বি-তে দোষী সাব্যস্ত হলে দলের প্রতীক কেড়ে নেওয়ার সুযোগ নেই। তাই আমরা আরজেডি-র কাছে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগেরও জবাব চেয়েছি। অভিযোগ প্রমাণিত হলে দলের স্বীকৃতি বাতিল হতে পারে।"

কমিশনের অন্য নির্দেশগুলি হল— • রেল বোর্ডের চেয়ারম্যানকে বলে দেওয়া হয়েছে, কোনও অবস্থাতেই যাতে কোনও ট্রেন ২৩ তারিখের 'মহার‍্যালি'র জন্য পথ ঘুরিয়ে পাঠানো না হয়। বিশেষ ট্রেনও যাবে না। • বিহারের মুখ্যসচিবকে দেখতে হবে, সরকারি পরিবহণ যাতে জনসভায় লোক নিয়ে না যায়। • সরকারি ভবন বা প্রশাসনযন্ত্রের অপব্যবহার করা যাবে না। • মন্ত্রীদের কোনও বৈঠকে নির্বাচনী কাজকর্ম হবে না। • বিশেষ পর্যবেক্ষক হিসাবে উপ-কমিশনার সায়ন চট্টোপাধ্যায়কে কালই দিল্লি থেকে বিহারে পাঠানো হচ্ছে। একই দিনে যাবেন অপর পর্যবেক্ষক কে জে রাও।



আজ সারাদিন লালু পটনার বাসভবন থেকে বের হননি। নির্বাচন কমিশন কী করতে পারে তা নিয়ে শুধু আইনজীবী এবং দলের নেতাদের সঙ্গে দফায় দফায় আলোচনা করেছেন। বিকালে কমিশনের নির্দেশ শোনার পরে দৃশ্যতই উদ্বিগ্ন লালু বলেন, "নির্বাচন কমিশন তদন্ত করে দেখুক, আমি ভোট কেনার জন্য টাকা দিয়েছি কি না।" বিহটায় টাকা বিলির ব্যাখ্যা দিতে গিয়ে আজও তিনি বলেন, "আমার গাড়ি ওই বস্তির সামনে দাঁড়াতে মহিলারা এসে বলেন, 'রেলমন্ত্রী হয়েছেন তো মিঠাই খাওয়ান।' আমি সঙ্গীদের কাছ থেকে টাকা নিয়ে ওঁদের মিঠাই কেনার টাকা দিই। এর সঙ্গে ভোট কেনা বা কাউকে প্রভাবিত করার কোনও সম্পর্ক নেই। আমি গ্রামে গেলে সবসময়ই এ রকম করে এসেছি।" রেল সম্পর্কে নির্বাচন কমিশনের কড়াকড়ি নিয়ে রেলমন্ত্রীর বক্তব্য, রেল বাণিজ্যিক নিয়মে চলে। যে (এ ক্ষেত্রে আরজেডি) টাকা দেবে, তাকেই ট্রেন ভাড়া দেওয়া যেতে পারে।

বিহারে ভোটের দিনক্ষণ ঘোষণার পরে এ রকম একটা অস্ত্র আচমকা হাতে এসে পড়েছে ভেবে উল্লসিত বিজেপি। লালুর বিরুদ্ধে নালিশ জানাতে বিজেপি প্রতিনিধি দল যখন মুখ্য নির্বাচন কমিশনার টি এস কৃষ্ণমূর্তির সঙ্গে দেখা করতে যায়, তার আগেই কমিশন নির্দেশাবলী পাঠিয়ে দিয়েছে। ফলে কৃষ্ণমূর্তির সঙ্গে দেখা করে বেরিয়ে বিজেপি নেত্রী সুষমা স্বরাজ কেবল লালুর পদত্যাগই দাবি করতে পেরেছেন। একই দাবি তুলে লোকসভায় বিরোধীরা আজ কক্ষত্যাগ করেন, রাজ্যসভায় প্রধানমন্ত্রীর বিবৃতির দাবি জানান। কমিশনের সঙ্গে দেখা করেছিল আরজেডি-র প্রতিনিধি দলও। গতকাল লালু যে সাফাই দিয়েছিলেন, আজ সেটাই তাঁরা কমিশনকে বলেছেন। লালু গরিবদের মিষ্টি খেতে টাকা দিয়েছিলেন। তাঁদের ভোট কিনতে যাননি। দিল্লিতে আরজেডি-র গুরুত্বপূর্ণ নেতা, কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী রঘুবংশ প্রসাদ সিংহের বক্তব্য, "লালু বরাবরই গরিবদের টাকা দেন। স্টেশনে হয়তো দেখলেন কেউ সাফাই করছে, লালু ট্রেন থামিয়ে নেমে পড়েন টাকা দিতে। উনি মন্ত্রী হওয়ার পরে বহু জায়গাতেই গরিব মানুষেরা ওঁর কাছে মিষ্টি খেতে টাকা চেয়েছে, উনি দিয়েছেন। এটা তো নতুন কিছু নয়।" এই দৃষ্টান্ত দেখিয়েই আরজেডি প্রমাণ করার চেষ্টা করছে এনডিএ কতটা গরিব-বিরোধী।

কিন্তু আগে লালুকে নির্বাচন কমিশনের ফাঁস থেকে মুক্ত হতে হবে। লালুর প্রতি কড়া ব্যবস্থা নিয়ে কমিশন বুঝিয়ে দিয়েছে, ভোটে তারা কোনও ত্রুটি-বিচ্যুতি সহ্য করতে নারাজ। 'মহার‍্যালা'র জন্য লালু জব্বর প্রস্তুতি নিয়েছিলেন। রঘুবংশ আজ দুপুরে সংসদ ভবনে জানাচ্ছিলেন, কী ভাবে হাজার দেড়েক বাস 'বুক' করা হয়েছিল বিহারের বিভিন্ন প্রান্ত থেকে পটনায় লোক আনতে। ১৮টি ট্রেন পটনার দিকে ঘুরিয়ে দেওয়া হচ্ছিল। পটনা জুড়ে সরকারি বাড়ি এবং জমিতে তাঁবু খাটিয়ে বাইরে থেকে আসা সমর্থকদের থাকার ব্যবস্থা করা হয়েছে। বিজেপি বারবার অভিযোগ জানালেও গতকাল পর্যন্ত তাতে কর্ণপাত করেননি লালু। এ বার কমিশন মাঠে নামায় ছবিটা পাল্টে যাচ্ছে। লালুর 'মহার‍্যালা'র জন্য পটনা শহরের সরকারি জায়গায় লাগানো পোস্টার, হোর্ডিং, কাটআউট ও তোরণ জেলা প্রশাসন আজই খুলতে শুরু করেছে।

CBI registers bribery cases against Laxman, Jaitly

BJP slams decision, tehelka hopes for transparency

Agencies
New Delhi, December 6

Three years after the tehelka newsportal's sting operation caught them on spy cameras, the CBI today registered bribery cases against former BJP president Bangaru Laxman and former Samata Party president Jaya Jaitly.

After scrutinising the available evidence handed over by the Centre after the scrapping of the Phukan Commission of Inquiry on October 4, the CBI has booked Laxman, seen accepting wads of currency notes, and two of his personal staff — Uma Maheshwari Raju and Satyamurthy — under Section 120-B of the Indian Penal Code (conspiracy) and Sections 7 and 9 of the Prevention of Corruption Act.

Later, it was known he had received Rs 100,000 from a tehelka reporter posing as a person representing an arms dealer. While Section 7 of the PCA refers to a "public servant taking gratification other than legal remuneration in respect of an official act", Section 9 refers to "taking gratification for exercise of personal influence with a public servant."

The BJP termed as "condemnable" the registration of bribery cases and said it was a "continuation of a politically motivated act by the government". This is a continuation of a politically motivated act by the Centre. They wound up a judicial commission headed by a retired Supreme Court judge, which was on the verge of submitting its final report and, instead, preferred an executive police agency", party general secretary Arun Jaitley said. "Such motivated acts are condemnable, but one can't expect better from this government", he said.

Senior editor of tehelka Anirudh Bahal expressed the hope that though the move was delayed by nearly three years, things could now move in a more transparent and effective manner. "We hope this delayed justice will not end up merely as a political stunt, but will ensure that the defence deals have more transparency", he added.

Jaya Jaitly
Bangaru Laxman

The cases were filed before the designated court here after the Prosecution Division of the CBI had weighed all the evidence, including the tapes of tehelka that purportedly showed politicians accepting bribes and other gratification. A huge political controversy broke out after the tapes were made public on March 13, 2001, leading to the sacking of Laxman and resignation of then defence minister George Fernandes, who was, however, reinstated even before the Phukan Commission of Inquiry gave its interim report. Jaitly was caught talking to the arms dealer at the official residence of Fernandes.

Jaitly, who was then president of the Samata Party, has been booked by the CBI along with former Major-General S.P. Murgai, Surendra Surekha (a Kanpur-based industrialist) and Gopal Pajiwal (a Rajasthan-based Samata Party leader) under Section 120-B and Section 9 of the Prevention of Corruption Act, they said. The former Samata Party president was shown on the tapes as having said to the representatives of fictitious company Westend International that she would influence "*saab*". The CBI, in its FIR, alleged she was trying to influence top officials of the Defence Ministry to get the fictitious company enrolled in some defence deals. The CBI also booked all the four under Section 120-B of the IPC.

Three cases were registered separately against three suspended defence ministry officials, including H.C. Pant (deputy director), Nagendra Singh (assistant financial adviser) and P. Sasi (an assistant). All the three were booked under Sections 7, 9 and 13 (ii) (criminal misconduct), besides Section 120-B, the sources said. Some defence ministry documents indicated involvement of more army officials, but a case was not registered against them as they were already facing court martial proceedings.

07 DEC 2004 THE HINDUSTAN TIMES

পাবলিক হলে ঘুষই বলত

মুখোমুখি

সুদীপ্ত সেনগুপ্ত

পরিষ্কার করে প্রথমেই এ নিবন্ধের প্রতিপাদ্য দুটি বলে রাখা ভাল। প্রথমত, কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি ভগবতীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়কে বিধাননগরে মুখ্যমন্ত্রীর কোটা থেকে জমি দেওয়া যদি দুর্নীতি না হয়, তবে অভিধান থেকে দুর্নীতি শব্দটি তুলে দেওয়া উচিত। এবং দ্বিতীয়ত, অন্য অপরাধীরা যে সাজা পাননি সেটা একজন অপরাধীর শাস্তি না পাওয়ার যুক্তি হতে পারে না— না আইনের চোখে, না ন্যায়নীতির স্বাভাবিক বিচারে।

বিচারব্যবস্থা এবং প্রশাসনের উচ্চতম স্তরের মধ্যে যে অশুভ আঁতাতের কথা সুপ্রিম কোর্ট বলেছে তাতে এখন নানা পক্ষের নানা প্রতিক্রিয়া হচ্ছে। কিন্তু কোনও কিছুই দিনের আলোর মতো স্পষ্ট এই বিষয়টিকে আড়াল করতে পারে না যে, পশ্চিমবঙ্গ সরকার কোটার মাধ্যমে জমি বন্টন চালু রাখতে চেয়েছিল। বিচারপতি বন্দ্যোপাধ্যায় জমি বন্টন বন্ধ রাখার নির্দেশ দিয়ে তিন দিনের মধ্যেই সেই নির্দেশ সংশোধন করে মুখ্যমন্ত্রীর কোটায় জমি বন্টন বহাল রাখার নির্দেশ দেন। তার পরও একটি চিঠি দিয়ে তিনি মুখ্যমন্ত্রীর কাছে জমি চান। তার দশ দিনের মধ্যেই মুখ্যমন্ত্রীর কোটায় বণ্টিত বিধাননগরের প্রথম জমিটি বরাদ্দ হয় ওই বিচারপতিরই নামে। এটাকে কী বলে? আমার আপনার মতো সাধারণ মানুষের ক্ষেত্রে এটাকে বলে ঘুষ দেওয়া এবং ঘুষ নেওয়া।

বিধাননগরে জমি বন্টনের প্রেক্ষাপটটি নিয়ে একটু আলোচনা এখানে দরকার। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার অব্যবহিত পরেই বুঝতে পারে যে, উন্নয়ন-বভুক্ষু কলকাতা শহরে এই জমির প্রবল চাহিদা। সঙ্গে রয়েছে নিজের বাড়ির প্রতি বাঙালির মজ্জাগত দুর্বলতা। সরকারের হাতে লোভনীয় এবং বন্টনযোগ্য যা কিছু আছে, যা দিয়ে সমাজের প্রভাবশালী অংশের আনুগত্য ক্রয় করা যায় তার মধ্যে অন্যতম উল্লেখযোগ্য হল বিধাননগরের জমি। ক্ষমতায় আসার পরই ১৯৭৭ সালের ১২ আগস্ট বামফ্রন্টের এক ক্যাবিনেট বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয় যে, বিজ্ঞাপন দিয়ে লটারির মাধ্যমে ছাড়াও সরকারের হাতে জমি বন্টনের (আসলে লিজ দেওয়ার) অধিকার থাকবে। ১৯৮০ সাল থেকে তদানীন্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু, নগরোন্নয়নমন্ত্রী প্রশান্ত শূর, স্থানীয় বিধায়ক হিসাবে মন্ত্রী সুভাষ চক্রবর্তী এবং বিভাগীয় সচিবকে নিয়ে গঠিত একটি কমিটি এই সরকারি কোটায় জমি বন্টন করতে থাকে। বিধাননগরের আবাসিক এলাকায়, প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় সেক্টরে ২১৮৫টি প্লট (মোট আবাসিক প্লটের প্রায় ছয় ভাগের এক ভাগ) এভাবে বণ্টিত হয়।

একটা কথা এখন বলা হচ্ছে। যে মামলার পরিপ্রেক্ষিতে সুপ্রিম কোর্ট গত সপ্তাহে ভগবতীবাবুকে জমি ফেরত নেওয়ার নির্দেশ দিয়েছে সেটি আদৌ জমি বন্টনের মামলাই নয়। সত্যি কথা। মানে, আইনের সত্যি কূটকাচালি। বাস্তবে বর্তমান মামলাটি হল বিধাননগরের মাস্টার প্ল্যান পরিবর্তনের প্রতিবাদে তার প্রতিকার চেয়ে বিধাননগর (সল্টলেক) ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের মামলা। ১৯৮৬ সালের ২০ জুন বিচারপতি বন্দ্যোপাধ্যায় এই মামলায় প্রথম নির্দেশ দেন। ঠিক ওই ১৯৮৬ সালের ২০ জুনই তিনি বিধাননগরে জমি চেয়ে মুখ্যমন্ত্রীকে প্রথম চিঠি দেন। কী আশ্চর্য সমাপতন! আসলে মাস্টার প্ল্যান পরিবর্তনের সঙ্গে কোটায় জমি বন্টনের বিষয়টি অঙ্গাঙ্গীভাবে জড়িত। মাস্টার প্ল্যান না বদলালে পার্কের জমি কেটে মুখ্য আমলাকে পুব-দক্ষিণ খোলা পছন্দমতো প্লট কী করে দেওয়া যাবে? বিচারপতি বন্দ্যোপাধ্যায় নিজেই ২০ জুন ১৯৮৬ তারিখের নির্দেশেই দুটি বিষয়কে একরকমভাবে যুক্ত করে বলেছিলেন, 'মাস্টার প্ল্যানের বিচ্যুতি ঘটিয়ে কোনও (জমি) বন্টন করা হলে তা এই আবেদনের পরিধির মধ্যেই পড়বে।'

শুধু জমি বন্টনকে কেন্দ্র করেও ১৯৮৭ সালে কলকাতা হাইকোর্টে একটি আলাদা মামলা করেছিলেন তৃণমূল কংগ্রেসের তারক সিং। ১৯৯৯ সালের ৫ ফেব্রুয়ারি বিচারপতি পিনাকীচন্দ্র ঘোষের আদালতে তার নিষ্পত্তি হয়। সেই রায়ে বলা হয়েছিল, 'কোনও কারণ না দেখিয়ে মুখ্যমন্ত্রী যেভাবে জমি বরাদ্দ করেছেন তাতে ন্যায়সঙ্গতভাবে এই অধিকার প্রয়োগ করা হয়েছে বলে প্রমাণ হয় না।' এবারের মতো সেই মামলায়ও মুখ্যমন্ত্রীর কোটায় পাওয়া ২৯৪ জনের জমি কেড়ে নেওয়ার কোনও নির্দেশ হাইকোর্ট দেয়নি। কারণ, তাঁদের এই মামলায় বিবাদী পক্ষ হিসাবে অন্তর্ভুক্ত করা হয়নি। ওই মামলায় বাদীপক্ষের আইনজীবী, বর্তমানে কংগ্রেস বিধায়ক অরুণাভ ঘোষের বক্তব্য, তা করতে গেলে মামলা বড়-বিশাল হয়ে যেত, নিষ্পত্তি হতে লাগত বহু বছর। বাস্তবে, জ্যোতি বসু তথা সি পি আই এম নেতৃত্বের বিরুদ্ধে রাজনৈতিক লড়াইটাই সম্ভবত মামলাকারীর কাছে মুখ্য ছিল। হাইকোর্টের ডজনখানেক বিচারপতি, কয়েকজন সাংবাদিক, সরকার বিরোধী বহু রাজনৈতিক নেতাও ওই কোটায় জমি পেয়েছেন। এঁদের সবার সঙ্গে আইনি লড়াই মামলাকারীদের পক্ষে শুধু অপ্রাসঙ্গিক নয়, অবাঞ্ছিতও বটে। বিস্ময়করভাবে রাজ্য সরকার এই রায়ের বিরুদ্ধে অদ্যাবধি কোনও আপিল করেনি। মানে, আইনের চোখে, অন্যায়ভাবে জমি বন্টন হয়েছে বলে মেনে নিয়েছে।

গত সপ্তাহে সুপ্রিম কোর্ট মাস্টার প্ল্যান বদল সংক্রান্ত যে মামলাটির রায় দিয়েছে তার ২০ পাতার বয়ানে ছত্রে ছত্রে বিচারপতির বিশ্বাসভঙ্গের নজির ছড়ানো। ১৯৮৭ সালের ৮ জুন বিচারপতি বিধাননগরে জমি বন্টন স্থগিত রাখার নির্দেশ দিলেন। তিন দিন পর ১১ জুন অ্যাডভোকেট জেনারেল নরনারায়ণ গুপ্তর সওয়ালের পরিপ্রেক্ষিতে সংশোধন করে নতুন নির্দেশে তিনি বললেন, মুখ্যমন্ত্রী নিজে জমি বন্টন করতে পারবেন। ওই বছর ১৬ জুলাই মুখ্যমন্ত্রীর কাছে জমি চেয়ে চিঠি দিলেন বিচারপতি বন্দ্যোপাধ্যায়। ২৪ জুলাই মুখ্যমন্ত্রীর কোটায় প্রথম জমিটি তিনিই পেলেন। দ্বিতীয় জমিটি পেলেন জনৈক সুবিমল বসু— যেটি হস্তান্তরিত হল চন্দন বসুর নামে। স্বজনপোষণ আর দুর্নীতি বলে দুটো শব্দ ছিল না অভিধানে?

বেস্ট বেকারি মামলায় জাহিরা শেখ এবং তাঁর দাদাদের বিস্মৃতি— অভিযুক্তদের কাউকেই চিনতে না পারা নিয়ে মিডিয়ায় এখন বিস্তর চর্চা হচ্ছে। ভুল কিন্তু সবারই হয়। এই যেমন মুখ্যমন্ত্রীর কোটা বহাল রাখার পরই মুখ্যমন্ত্রীর কাছে জমি চেয়ে তিনি যে চিঠিটা লিখেছিলেন তার বিষয়ে বিচারপতি এই মামলায় সুপ্রিম কোর্টে দাখিল করা প্রথম এফিডেভিটে কোনও উল্লেখ করেননি। পরের এফিডেভিটে চিঠির কথা বলা হয় এবং বলা হয়, তাঁর ফাইলে চিঠিটির কোনও কপি ছিল না বলেই এই ভুল! সুপ্রিম কোর্টের মন্তব্য,'একজন হাইকোর্টের বিচারপতির কাছ থেকে এই অজুহাত গ্রহণযোগ্য নয়।' কলকাতা হাইকোর্টের যে নথি এই মামলায় পেশ করা হয়েছে, তাতে দেখা যাচ্ছে ১৯৮৭ সালের ১৬ জুলাইয়ের পর ২০ জুলাই থেকে শুরু করে ২৪ জুলাই (যে দিন জ্যোতিবাবু বিচারপতি বন্দ্যোপাধ্যায়কে জমি দেন) সহ ২৭ আগস্ট পর্যন্ত মোট ১৪টি দিন এই মামলাটি কজ লিস্টে ছিল— অর্থাৎ এটি এজলাসে ওঠার কথা ছিল। কোনওদিনই মামলাটি বিচারের জন্য ওঠেনি। দীর্ঘ ১১ বছর ধরে, ১৯৯৮ সালে বিচারপতি বন্দ্যোপাধ্যায়ের অবসর গ্রহণের সময় পর্যন্ত মামলাটি পার্ট-হার্ড অবস্থায় ছিল। মানে সোজা বাংলায় মামলাটির বিচার বিচারপতি বন্দ্যোপাধ্যায়ের এজলাসেও হয়নি, সেটি অন্য কারও কোর্টেও যায়নি। কারা যেন বিচারব্যবস্থার দীর্ঘসূত্রিতা নিয়ে সেমিনারে লম্বা চওড়া বক্তৃতা করেন?

সুপ্রিম কোর্ট বলেছে, এই সব তথ্য থেকে সত্য নিজেই প্রকাশিত হচ্ছে, 'বিচারবিভাগীয় অর্ডার দেওয়া আর (জমি) বন্টনের অর্ডার দেওয়ার মধ্যে একটা অশুভ আঁতাত ছিল।'

আঁতাতে তো দুটো পক্ষ লাগে! স্পষ্টতই এখানে একটি পক্ষ যদি ভগবতীবাবু হন, তবে অন্য পক্ষ জ্যোতি বসু। তিনি বলছেন, ওই সময়ে বিচারপতিকে চিনতেন না। তাতে কী যায় আসে? তাঁর নামে কৃত কাজের দায় শুধু নৈতিক বিচারে নয়, সাংবিধানিক পদাধিকারী হিসেবেও তাঁকে নিতে হবে। জানতে ইচ্ছে হয়, জ্যোতিবাবু কি সেই সুবিমল বসুকেও চিনতেন না, যাঁর নামে তাঁর দ্বারা বণ্টিত জমিতে জ্যোতিবাবুর আত্মজ বাড়ি করেছেন? জ্যোতিবাবু কি দেবযানী ঘোষ বলে কাউকে চিনতেন বা চেনেন, যাঁর নামে বিধাননগরের মহার্ঘ জমির ৪২ কাঠা একটি পূর্ব পরিচয়বিহীন স্কুল করার জন্য বরাদ্দ হয়েছে এবং যে বণ্টন নিয়ে মামলা আজও হাইকোর্টে ঝুলে আছে? অন্তত এই দেবযানীদেবীর স্বামী, ৩০ বছরের পার্শ্ব সহচর জয়কৃষ্ণ ঘোষকে কি চেনেন জ্যোতিবাবু?

এইসব অস্বস্তিকর প্রশ্ন থেকে বর্তমান সি পি আই এম নেতৃত্ব সম্মানজনক দূরত্ব রেখে চলতে চায় বলেই মনে হয়। বিশেষ করে যখন দেখি মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য, সি পি এমের রাজ্য সম্পাদক অনিল বিশ্বাস, এমনকি বিচারব্যবস্থার সঙ্গে ঘনঘন সার্ভ-অ্যান্ড-র‍্যালি খেলতে অভ্যস্ত বিমান বসুও এ প্রসঙ্গে এ যাবৎ নিরুচ্চার।

বাকি রইল তৃণমূল কংগ্রেস এবং মনে পড়ে রবীন্দ্রনাথের লেখা সেই পংক্তিটি: 'আমি কী আর কব'। কট্টর সি পি আই এম-বিরোধী তৃণমূল নেতাদেরই কেউ কেউ ১৮ বছর ধরে একটি (সুপ্রিম কোর্টের দ্বারা এখন প্রমাণিত) অন্যায়ের বিরুদ্ধে লড়ে যাচ্ছেন। সি পি এমের ২৭ বছরের শাসনকালে দেশের সর্বোচ্চ আদালতে প্রমাণিত এমন স্বজনপোষণ ও দুর্নীতির একটিরও নজির নেই। তথাপি তৃণমূল নেতৃত্ব দ্বিধাগ্রস্ত। কারণ, মমতা বন্দ্যোপাধ্যায় কিছুদিন আগে ভগবতীবাবুর মধ্যে প্রজ্ঞা আবিষ্কার করেছেন— তৃণমূল কংগ্রেসের মুখপত্রে প্রাক্তন বিচারপতি এখন নাগরিকের আইনি অধিকার নিয়ে নিয়মিত লিখছেন।

ভাগ্যিস এক প্রাচীন বিচারবিভাগীয় ডেপুটি ম্যাজিস্ট্রেটের জমানা এখন নেই! থাকলে কমলাকান্ত নিশ্চয়ই বলতেন, আছে বাপু, বিচারক জনপ্রিয় হতে চাইলে তাঁকে হোমিওপ্যাথি, ক্রিকেট, জ্যোতিষগণনা, রক্তদান, চকোলেট বোম সব কিছুর বিশেষজ্ঞ হতে হবে! প্রসন্ন গোয়ালিনীটা এমন মূর্খ যে জানতে চায়, যে কাজের জন্য পাবলিক মাইনে দেয় সেটা ঠিকঠাক করে তো?

26 NOV 2004 AAJKAL

THE HINDUSTAN TIMES

26 NOV 2004

CBI appeal against Soren in graft case stalled

Jay Raina
New Delhi, November 25

JHARKHAND MUKTI Morcha (JMM) leader Shibu Soren, who is awaiting reinduction into the Manmohan Singh Cabinet, has been let off the hook by the UPA government in the infamous JMM bribery case.

Rejecting the CBI's plea to file a revision application against the judgment of the Dinesh Dayal-headed special trial court, the Union Law Ministry is understood to have directed the closure of the case for good. In its communication to the CBI, the Law Ministry did not even deem it fit to refer its plea for a reference to the Attorney-General of India.

The CBI's revision application plea followed the exoneration of the three accused JJM leaders — Shibu Soren, Suraj Mandal and Simon Marandi — by the trial court. The fourth JMM leader, Shailender Mahato who had turned into an approver, was not chargesheeted by the investigating agency.

Labelling the trial court's judgment "a gross travesty of justice" the CBI's legal eagles had painstakingly put together all the facts of the bribery case and the interlinking legal imperatives to go in for a revision application in the high court. However, the Law Ministry did not go along with their entreaties.

Cabinet berth not on cards

- Because UPA leadership is reluctant
- Soren doesn't want to nominate any other JMM leader. He fears loss of clout
- UPA wants to use Soren in Jharkhand polls to rework its alliance structure

Significantly, even as the then ruling BJP was desperately trying hard for a poll tie-up with the Jharkhand-centric JMM during the NDA rule at the Centre, the CBI's repeated requests – at least 19 in a row — for permission to prosecute Soren were stonewalled. The JMM leader happened to be a Lok Sabha member, necessitating the Speaker's permission for prosecution.

The investigating agency finally received the go-ahead, once the Lok Sabha was dissolved on February 6 this year. By then, the JMM — headed by Soren — had sealed an electoral tie-up with the Congress to emerge as an important component of the UPA.

In a post-haste move, the CBI filed a chargesheet on February 12, leading to the trial court's judgment that discharged all the three accused on August 15 this year. The Law Ministry's missive comes after the CBI had decided to go in for a revision petition to unfold the murky bribery case that had hogged the headlines during the infamous no-confidence motion in the then Narasimha Rao government in 1993.

Regarding Soren's reinduction into the Manmohan Singh government, the prospects appear to have receded, given his reluctance to nominate someone else from the JMM to wear his ministerial shoes.

Reliable sources said that, even as the UPA leadership was against Soren's immediate reinduction, it had offered him to nominate his party representative for a ministerial berth. Wary of letting any of his party MPs get into the government and pose a threat to his leadership, the Jharkhand tribal leader is understood to have refused to go along with the suggestion.

Ruling out any kind of reshuffle ahead of Parliament's winter session that begins next Wednesday, sources said Soren might be forced to cool his heels at least till the Jharkhand Assembly elections are over by end-February next year. The UPA is keen to make use of Soren in the ensuing Jharkhand Assembly election campaign to rework its alliance structure in the tribal state.

That apart, TRS leader Chandrashekhar Rao may have to continue as minister without portfolio for the present. He is reported to have spurned the offer of the Mines portfolio to be sliced from Soren's earlier charge of Mines and Coal. The TRS leader is reported to have preferred any other portfolio that could help him work for the development of his home state, Andhra Pradesh, in general, and the Telengana region, in particular.

ভিটে ছাড়ার প্রস্তুতি ভগবতীর

কোটার জমি নিয়ে মামলা আমার কাছে আসেইনি

দেবাশিস ভট্টাচার্য

সল্টলেকের এফ ডি-৪২৯ ছেড়ে চলে যাওয়ার মানসিক প্রস্তুতি কার্যত সেরেই ফেলেছেন ভগবতীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়। তবে তার আগে সুপ্রিম কোর্টের নির্দেশ হাতে পেলে প্রাক্তন বিচারপতি ভগবতীপ্রসাদ এক বার খতিয়ে দেখতে চান, আইনগত প্রশ্নে এই নিয়ে সর্বোচ্চ আদালতে নতুন করে কোনও রকম আবেদন-নিবেদন করা যায় কি না। তাঁর দাবি: "সল্টলেকে মুখ্যমন্ত্রীর কোটায় জমি বণ্টন সংক্রান্ত কোনও মামলা কলকাতা হাইকোর্টে আমার কাছে বিচারের জন্য আসেইনি।"

তাঁর দেওয়া যে-রায়কে কেন্দ্র করে এই পরিস্থিতি, তার পুরনো নথিপত্র ঘেঁটে আপাতত ভগবতীবাবুর ধারণা হয়েছে, "সুপ্রিম কোর্টে পুনর্বিবেচনার আবেদন করা যেতে পারে।" গত ৪৮ ঘণ্টায় সেই উপলব্ধিই তাঁকে কিছুটা মনোবল জুগিয়েছে। দোতলার ঘর থেকে নীচের লাইব্রেরি-কক্ষে নেমে এসে তিনি তাই শুরু করে দিয়েছেন ফাইল তৈরির প্রস্তুতি।

রবিবার দুপুরে সেই কাজ করতে করতেই বিশদে মুখ খুললেন ভগবতীবাবু। জানালেন, যে-মামলার প্রসঙ্গ তুলে সুপ্রিম কোর্টে আবেদন পেশ করা হয়েছিল, সেটি সল্টলেকের মাস্টার প্ল্যান লঙ্ঘন করে জমি দেওয়ার অভিযোগ সংক্রান্ত। প্রাক্তন বিচারপতির কথায়: "১৯৮৬-র ৮ জুন সেই মামলাটির অন্তর্বর্তী আদেশ দিতে গিয়ে আমি সল্টলেকে যাবতীয় জমি বণ্টন তিন দিনের জন্য স্থগিত করে দিই। তার পরে ১১ জুন মামলাটি ফের উঠলে সরকার পক্ষ মুখ্যমন্ত্রীর কোটা আটকে না-দেওয়ার আবেদন জানায়। আমার বিবেচনায়, সল্টলেকের মাস্টার প্ল্যান লঙ্ঘন বিষয়ক মামলার সঙ্গে মুখ্যমন্ত্রীর কোটার কোনও সম্পর্ক ছিল না। তাই মুখ্যমন্ত্রীর কোটাকে তখনকার মতো ছাড় দিয়ে আমি আবার ১৭ জুন পরবর্তী শুনানির দিন ধার্য করি। সে-দিন মামলা উঠলে ফের শুনানির তারিখ স্থির হয় ১৬ জুলাই।" এবং ওই ১৬ জুলাইয়েই সল্টলেকে মুখ্যমন্ত্রীর কোটা থেকে জমি চেয়ে আবেদন করেন ভগবতীবাবু।

প্রশ্ন ওঠে, একই দিনে এই যোগাযোগ কি যথেষ্ট অর্থবহ নয়? ভগবতীবাবুর জবাব: "তারিখটা এই ভাবে মিলে যাওয়াকে কেউ অন্য রকম ব্যাপার বলে মনে করতেই পারেন। কিন্তু আমি জানি, এটা পুরোপুরি কাকতালীয়। এর পিছনে কোনও বাঁকা উদ্দেশ্য ছিল না বলেই কাকতালীয় ভাবে দিনটা মিলে গিয়েছে। জেনেবুঝে সচেতন ভাবে করা হলে কি এই ভাবে হত? এতেই তো প্রমাণ হয়, উদ্দেশ্য অসৎ ছিল কি না।"



রবিবার সল্টলেকের সেই এফ ডি-৪২৯ বাড়িতেই ভগবতীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়। — অশোক মজুমদার

প্রাক্তন বিচারপতি আরও জানান, তাঁর নিজের বাসস্থান ছিল না বলেই তিনি তৎকালীন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর কাছে ওই ঘটনার আগেও একাধিক বার বাসস্থান অথবা সল্টলেকে বাড়ি করার জন্য জমি চেয়ে আবেদন করেছিলেন। কারণ, তাঁর কথায়: "আমি বাড়ি ভাড়া নিয়ে থাকতাম। যদিও কর্মরত বিচারপতিদের বাসস্থান না-থাকলে সরকার বিনা ভাড়ায় সেই সংস্থান করতে বাধ্য।" কিন্তু তাঁর আবেদনে সরকার সাড়া দেয়নি বলে তিনি '৮৬-র ২০ জুন রাষ্ট্রপতির কাছেও আবেদনপত্র পাঠিয়েছিলেন। একই দিনে আরও একটি আবেদনপত্র পাঠিয়েছিলেন মুখ্যমন্ত্রীর কাছে। চার মাস পরে তৎকালীন কেন্দ্রীয় আইনমন্ত্রী অশোক সেন ভগবতীবাবুকে লেখেন, "আপনার বাসস্থানের বিষয়ে উপযুক্ত ব্যবস্থা নিতে মুখ্যমন্ত্রীকে জ্যোতি বসুকে চিঠি দিয়েছি।" আর সেই চিঠি লেখার আগের দিন, ১৬ অক্টোবর কলকাতা হাইকোর্টের তৎকালীন বিচারপতি ভগবতীবাবুর হাতে পৌঁছে যায় সল্টলেকের এফ ডি-৪২৯ জমিটি বরাদ্দ হওয়ার সরকারি চিঠি। তাঁর প্রশ্ন: "এটাই কি মুখ্যমন্ত্রীর কোটায় জমি নিয়ে সরকারের সঙ্গে আমার অশুভ আঁতাঁত বলে গণ্য হল?"

অতএব? এ বার কী রাস্তা খোলা রয়েছে প্রাক্তন বিচারপতির সামনে? ভগবতীবাবুর সতর্ক মন্তব্য: "দেশের সর্বোচ্চ আদালত যে-রায় দিয়েছে, এক জন বিচারপতি হিসাবে আমি কখনওই সেই রায়ের অমর্যাদা করতে পারি না। করার প্রশ্নই ওঠে না।"

তা হলে বাড়ি ছাড়ছেন? আইনের গণ্ডি থেকে বেরিয়ে ভগবতীবাবুর গলায় এ বার আবেগ: "ছাড়তে হলে ছাড়ব! অসম্মান নিয়ে বাঁচতে শিখিনি। আমার সিংহ রাশি। আমি মাথা উঁচু করে রাজা সাজতে পারি। মাথা নিচু করে কুকুরের মতো বাঁচব না।"

সুপ্রিম কোর্টে রায় পুনর্বিবেচনার জন্য আবেদন করার বিষয়ে কী ভবলেন? ভগবতীবাবুর উত্তর: এখনও চূড়ান্ত কিছু ভাবিনি। কাগজপত্র গুছিয়ে তার পরে অন্য আইনজীবীদের সঙ্গে পরামর্শ করে দেখি। হতেও পারে, সুপ্রিম কোর্টের সামনে সব তথ্য হয়তো ঠিক ভাবে পেশ করা হয়নি। সুপ্রিম কোর্টে রিভিউ পিটিশন করা যায়। কিছু ক্ষেত্রে 'কিওরেটিভ পিটিশন'-ও করা

এর পর ছয়ের পাতায়

● ভগবতীর পাশে মমতারা... পৃঃ ৬

গলদ আছে রায়ে, বললেন সোমনাথ

নিজস্ব সংবাদদাতা, বোলপুর: সল্টলেকে প্রাক্তন বিচারপতি ভগবতীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়ের জমি পাওয়ার ব্যাপারে সুপ্রিম কোর্ট যে-রায় দিয়েছে, তাতে গলদ আছে বলে মনে করেন লোকসভার স্পিকার সোমনাথ চট্টোপাধ্যায়। রবিবার তিনি বলেন, "স্পিকার হিসাবে আমি ওই রায় নিয়ে কোনও মন্তব্য করছি না। এক জন আইনজীবী হিসাবে আমি মনে করি, ওই রায় ঠিক নয়।" সুপ্রিম কোর্টের রায়ে বাক্য ব্যবহার নিয়ে আপত্তি তুলে তিনি বলেন, "ওই বাক্য প্রযোজ্য নয় বলে মনে করছি। ভগবতীপ্রসাদ কেন, বহু বিশিষ্ট মানুষ জ্যোতিবাবুর কোটায় জমির জন্য আবেদন করেছিলেন। তা মন্ত্রিসভায় অনুমোদন পাওয়ার পরে যোগ্য ব্যক্তিদের জমি দেওয়া হয়েছে। তা হলে এত বিতর্ক কেন?"

সংশোধনী নয়, নির্দেশ রূপায়ণ করবে রাজ্য

অরুণোদয় ভট্টাচার্য

কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি ভগবতীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে বামফ্রন্ট সরকারের অশুভ আঁতাঁতের যে-অভিযোগ সুপ্রিম কোর্ট করেছে, রাজ্য সরকার তা হজম করে নিচ্ছে। সর্বোচ্চ আদালত ভগবতীবাবুর সল্টলেকের বাড়িটি বিক্রি করার যে-নির্দেশ দিয়েছে, তা পুরোপুরি মানবে তারা। এ ব্যাপারে এক সপ্তাহের মধ্যেই ওই প্রাক্তন বিচারপতিকে নোটিস পাঠাবে রাজ্য। সরকার ওই নির্দেশের বিরুদ্ধে কোনও সংশোধনী চাইবে না।

সল্টলেকে মুখ্যমন্ত্রীর কোটায় জমি বণ্টন সংক্রান্ত মামলায় সুপ্রিম কোর্ট রায় দিয়েছে, রাজ্য সরকারের সঙ্গে অশুভ আঁতাঁত করে সল্টলেকের এফ-ডি ব্লকে জমি পেয়েছেন কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি ভগবতীবাবু। ওই মামলা নিজের এজলাসে থাকার সময় মুখ্যমন্ত্রীর কোটায় জমির জন্য আবেদন করেছিলেন তিনি। তৎকালীন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু যখন তাঁকে জমি দেওয়ার সিদ্ধান্তে সই করেন, তখনও মামলাটি বিচারপতি বন্দ্যোপাধ্যায়ের কাছে ছিল। রাজ্য সরকারের সঙ্গে ভগবতীবাবুর 'অশুভ আঁতাঁতটা' ঠিক কী, সুপ্রিম কোর্ট তাদের নির্দেশেই সেটা পরিষ্কার করে দিয়েছে। বিষয়টি রাজ্য সরকারকে যতই বিব্রত করুক না কেন, তারা তার বিরুদ্ধে কোনও সংশোধনী চাইছে না।

অ্যাডভোকেট জেনারেল বলাই রায় রবিবার বলেন, "সুপ্রিম কোর্ট মুখ্যমন্ত্রীর কোটায় জমি বণ্টনের মামলায় যে-রায় দিয়েছে, তার বিরুদ্ধে রাজ্য সরকার কোনও সংশোধনীর জন্য আবেদন করবে না। সুপ্রিম কোর্ট যে-নির্দেশ দিয়েছে, সরকার তা পালন করবে। বিচারপতি বন্দ্যোপাধ্যায় সুপ্রিম কোর্টের কাছে তাঁর মতামত জানানোর এক সপ্তাহের মধ্যেই রাজ্য সরকার তাঁর কাছে নোটিস পাঠাবে। সরকার তাতে ওই বাড়ির দাম ঠিক করে দেবে। সেই দাম বিচারপতি বন্দ্যোপাধ্যায়ের পছন্দ না-হলে বাড়িটি নিলামে বিক্রি করা হবে।" ওই প্রাক্তন বিচারপতির জমি অধিগ্রহণের সব পদ্ধতি ছ'মাসের মধ্যে শেষ করার নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। আগামী এক বছর ভগবতীবাবু ওই বাড়িতে থাকতে পারবেন বলেও নির্দেশ

এর পর ছয়ের পাতায়

22 NOV 2004

ANADABAZAR PATRIKA

বসুকে চিঠিই কাল হল ভগবতীর

রায়ের আগে জমি পেতে দরাদরি করেন বিচারপতি

দেবব্রত ঠাকুর

সল্টলেকে একখণ্ড জমির জন্য রাজ্য সরকারের সঙ্গে কার্যত দর কষাকষিই করেছিলেন কলকাতা হাইকোর্টের তৎকালীন বিচারপতি ভগবতীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়।

নিজের হাতে এই সংক্রান্ত মামলাটি ধরে রেখে একবার নয়, পর পর দু'বার মুখ্যমন্ত্রীর নিজস্ব কোটা থেকে জমি দেওয়ার জন্য আবেদন জানিয়েছিলেন তিনি। শেষ পর্যন্ত অনুকূল রায়ের বিনিময়ে তিনি তৎকালীন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর কাছ থেকে চার কাঠার প্লটটি আদায় করেন। সুপ্রিম কোর্টের ডিভিশন বেঞ্চে এই সামগ্রিক প্রক্রিয়াটিকে 'নিতান্তই কাকতালীয়' হিসাবে দেখাতে চেয়েছিলেন ভগবতীপ্রসাদ। কিন্তু শীর্ষ আদালত একে কাকতালীয় বলে মানতে রাজি হয়নি।

বিচারপতি এস এন ভৈরব এবং বিচারপতি এইচ কে সেমার স্পষ্ট সিদ্ধান্ত, বিচারপতির রায় এবং তাঁর নামে জমি বরাদ্দ করার মধ্যে সন্দেহাতীত ভাবেই একটি 'অশুভ আঁতাঁত' কাজ করেছে। ভগবতীপ্রসাদের কর্তব্য এবং তাঁর ব্যক্তিস্বার্থের মধ্যেও 'অশুভ আঁতাঁত' তৈরি হয়েছে।

ঘটনার পরম্পরা, ভগবতীপ্রসাদের হলফনামা, কলকাতা হাইকোর্ট এবং পশ্চিমবঙ্গ সরকারের জমা দেওয়া নথি বিশ্লেষণ করে করে সিদ্ধান্তের দিকে এগিয়েছেন দুই বিচারপতি। ১৯৮৬ থেকে ১৯৯৮, সল্টলেকের জমি সংক্রান্ত মামলা ভগবতীপ্রসাদের হাতে যাওয়া থেকে তাঁর অবসর নেওয়া— এই এক যুগে বিচারপতি ভগবতীপ্রসাদের জমি সংক্রান্ত প্রতিটি পদক্ষেপ খতিয়ে দেখেছে সুপ্রিম কোর্ট। শেষ পর্যন্ত বিচারপতিরা সিদ্ধান্তে এসেছেন, এই ঘটনা বিচার ব্যবস্থার পক্ষে অত্যন্ত অবমাননাকর। আর তাই ভগবতীপ্রসাদকে শাস্তি দিয়েছেন সুপ্রিম কোর্টের দুই বিচারপতি। কেড়ে নিয়েছেন জমি। কার্যত ভিটেছাড়াই করেছেন তাঁকে।

শুক্রবার সুপ্রিম কোর্টের রায়দানের পর শনিবার রায়ের পূর্ণাঙ্গ, প্রত্যয়িত লিপি নিয়ে কলকাতায় ফিরেছেন এই মামলার অন্যতম আবেদনকারী, তৃণমূল নেতা তারক সিংহ। এই মামলায় শুধু ভগবতীপ্রসাদকে শাস্তি দেওয়ায় এবং অন্যান্য জড়িত ব্যক্তিদের, বিশেষ করে তৎকালীন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু সম্পর্কে শীর্ষ আদালত নীরব থাকায় অসন্তুষ্ট তারক সিংহ এবং আর এক তৃণমূল নেতা দীপক ঘোষ। এ দিন তৃণমূল ভবনে বসে তৃণমূলের আইনজীবী-বিধায়ক অরুণাভ ঘোষ তারকবাবু এবং দীপকবাবুকে পাশে নিয়ে সাংবাদিকদের মুখোমুখি হন। সেখানেই তিনি জানিয়ে দেন, এই মামলায় অন্যান্যদের সম্পর্কে কেন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হল না, কেন জ্যোতি বসু এবং রাজ্য সরকারের বিরুদ্ধে মামলা খারিজ করে দেওয়া হল সেই সম্পর্কে যথেষ্ট যুক্তি দেওয়া হয়নি। রায়ের বিনিময়ে জমি নিয়ে ভগবতীপ্রসাদ শাস্তি পেয়েছেন। কিন্তু অরুণাভবাবুদের প্রশ্ন, জমি দিয়ে যিনি অনুকূল রায় আদায় করলেন, বিচারপতিকে উৎকোচ দেওয়ায় তাঁর কোনও শাস্তি কেন হল না? এই নানাবিধ বিষয় নিয়েই সুপ্রিম কোর্টে তাঁরা আরেকটি পুনর্বিবেচনার আবেদন দাখিল করবেন। ভগবতীপ্রসাদ সম্পর্কে তৃণমূল নেতৃত্বের উচ্চ ধারণাও তাঁরা লুকিয়ে রাখেননি। তৃণমূল নেতৃত্বের সঙ্গে ইদানীং ভগবতীবাবুর সুসম্পর্ক সকলেরই জানা। এ দিন সেই প্রসঙ্গে অরুণাভবাবুদের বক্তব্য, তিনি আইনজ্ঞ, পণ্ডিত। বিচারপতি হিসাবেও তিনি খুব ভাল ছিলেন।

সুপ্রিম কোর্ট তাঁদের রায়ে কিন্তু ভগবতীপ্রসাদের সম্পর্কে উল্টো মনোভাবই পোষণ করেছেন। তাঁদের বক্তব্য, বিচারপতি ভগবতীপ্রসাদ তাঁর পবিত্র বিচার বিভাগীয় কর্তব্যকে আপন স্বার্থে অপব্যবহার করেছেন। সাধারণ মানুষ তাঁর উপরে যে বিশ্বাস ন্যস্ত করেছিল, তিনি সেই বিশ্বাস ভঙ্গ করেছেন। তাঁরা সময়ের ক্রমানুযায়ী যে-ভাবে ঘটনাটিকে দেখেছেন, তা হল: ১৯৮৬ সালের ২০ জুন সল্টলেক ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের আনা জমি বণ্টন মামলাটি ভগবতীপ্রসাদের আদালতে প্রথম আসে। সে দিনই তিনি এই বিষয়ে সরকারকে হলফনামা জমা দেওয়ার জন্য দু'সপ্তাহের সময় দেন। পরবর্তী শুনানির দিন ধার্য করেন চার সপ্তাহ পর। ওই একই দিনে তিনি মুখ্যমন্ত্রীর নিজস্ব কোটা থেকে সল্টলেকে জমি চেয়ে তৎকালীন মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করেন।

সুপ্রিম কোর্টের বক্তব্য, মামলা নেওয়ার আগে আবেদন করেছিলেন, না পরে তা স্পষ্ট নয়। কিন্তু মামলা নেওয়ার আগে যদি আবেদন করে থাকেন, তবে তাঁর এই মামলা নিজের আদালতে নেওয়া উচিত হয়নি। আর মামলা আসার পরে আবেদন করলে তা তাঁর করা উচিত হয়নি। কিন্তু ভগবতীপ্রসাদ এক দিকে মামলা হাতে রেখেছেন, অন্য দিকে জমি পাওয়ার চেষ্টা চালিয়ে গিয়েছেন।

১৯৮৭ সালের ৮ জুন তিনি সল্টলেকের সব ধরনের জমি বরাদ্দের উপর স্থগিতাদেশ জারি করেন। তিন দিন পর, ১১ জুন তৎকালীন অ্যাডভোকেট-জেনারেল নরনারায়ণ গুপ্ত মুখ্যমন্ত্রীর কোটায় জমি বণ্টন চালু রাখার জন্য আদালতে আবেদন করেন। ভগবতীপ্রসাদ মুখ্যমন্ত্রীর কোটায় বণ্টনের উপর থেকে স্থগিতাদেশ তুলে দেন। ১৬ জুলাই পরবর্তী শুনানির দিন ধার্য করেন। এবং সেই দিনই তিনি মুখ্যমন্ত্রীর উদ্দেশে দ্বিতীয় আবেদন পত্রটি লেখেন। আবেদনের একটি কপি দেন অ্যাডভোকেট-জেনারেলকে। সুপ্রিম কোর্ট তাঁদের রায়ে ভগবতীপ্রসাদের এই আবেদনের বয়ান অন্তর্ভুক্ত করে দিয়েছে। এই আবেদনের পরিপ্রেক্ষিতে ২৪ জুলাই জ্যোতিবাবু তাঁর কোটা থেকে ভগবতীপ্রসাদকে জমি দেওয়ার নির্দেশ দিয়ে ফাইলে (ফাইল নং: এসএল (এএল) / এসপি-১০৪৯/৮৭) সই করেন। ১৬ অক্টোবর সল্টলেকের এফডি-৪২৯ নম্বরের চার কাঠার প্লটটি বরাদ্দ করে ভগবতীপ্রসাদকে বরাদ্দ-পত্রটি দেওয়া হয়। ১৯৯৮ সালে অবসর নেন বিচারপতি ভগবতীপ্রসাদ। তাঁর অবসরের দিন পর্যন্ত তিনি এই মামলাটি আংশিক শুনানি করে নিজের অধীনেই রেখে দেন।

কেন তাঁরা সংশ্লিষ্ট বিচারপতির বিরুদ্ধে এমন কড়া মনোভাব নিলেন তার ব্যাখ্যাও দিয়েছেন বিচারপতি ভৈরব এবং বিচারপতি সেমা। তাঁদের বক্তব্য, এই সিদ্ধান্ত নেওয়া আমাদের পক্ষে যথেষ্ট বেদনাদায়ক। কিন্তু বিচার ব্যবস্থার শুদ্ধতা এবং বিচারপতিদের সততা রক্ষার খাতিরে এমন সিদ্ধান্ত নিতেই হল।

● আরও খবর আঠারোর পাতায়

যে পথে আঁতাঁত হল

২০ জুন, '৮৬	সল্টলেকে জমি বণ্টন নিয়ে মামলা
২০ জুন, '৮৬	জমি চেয়ে ভগবতীবাবুর চিঠি
৮ জুন, '৮৭	জমি বণ্টন মামলায় স্থগিতাদেশ
১১ জুন, '৮৭	মুখ্যমন্ত্রীর কোটা বহাল
১৬ জুলাই, '৮৭	জমি চেয়ে ফের মুখ্যমন্ত্রীকে চিঠি
২৪ জুলাই, '৮৭	জমি দিতে জ্যোতি বসুর নির্দেশ
২৭ জুলাই, '৮৭	মামলাটি এ দিন পর্যন্ত ভগবতীবাবুর কাছে ছিল





"Hon'ble Mr. Justice
Bhagabati Prasad Banerjee
Dated the 16th July, 1987

To
Shri Jyoti Basu
Hon'ble Chief Minister
Of the State of West Bengal
Writers' Building,
Calcutta

Dear Sir,

This is to inform you that I have no landed property in the State of West Bengal or elsewhere and I am in dirth of accommodation. I have not applied for allotment of any land as yet. I shall be happy if you kindly allot me a suitable plot of land measuring about 4 to 5 cottahs in Salt Lake City from the reserved quota under your disposal.

Thanking you,

Yours faithfully,
Sd/-
Bhagabati Prasad B...

C.C.
Mr. Naranaryan Gupta
Bar-at-Law
Advocate General
State of We...

ছবি: স্বরূপ দত্তগুপ্ত

21 NOV 2004 ANADABAZAR PATRIKA

SALT LAKE LARGESSE BY FORMER CHIEF MINISTER UNDER SUPREME COURT SCANNER

Basu's land allotment to judge quashed

Our Legal Correspondent

NEW DELHI, Nov. 19. — The Supreme Court (coram, Variava, Sema, JJ) today quashed a specific order of the former West Bengal chief minister, Mr Jyoti Basu, allotting land at Salt Lake City to the former Calcutta High Court judge, Mr BP Banerjee.

The Supreme Court had earlier decided to keep out of consideration of the proceedings the question of abuse of power by the former chief minister while making a tranche of land allotments in Salt Lake from what has been termed a discretionary quota due to the "long lapse in time". Today's judgment was thus restricted to only the judicial aspect of the allotments on whether there was any abuse of the judicial process to achieve personal gains.

The Supreme Court accordingly dismissed a petition challenging a bunch of the allotments, but added: "We clarify that the dismissal of the writ petition against other respondents should not be misunderstood as approval of the policy decision of the government with regard to the allotment of land by the chief minister from his discretionary quota," the court observed.

Among those named in the petition were the current chief minister, Mr Buddhadeb Bhattacharjee, and state finance minister Mr Asim Dasgupta. But the court came down heavily on the judge and quashed the allotment made to him. "The plot shall stand vested with the government," the court said. The judge had heard a PIL relating to conversion of forest land into non-forest land in Salt Lake City and issued a blanket order staying all land allotments there. Mr Banerjee later lifted it partially, at the intervention of the Advocate General, to permit the state chief minister to make such allotments under his discretionary quota so that the judge could become the first allottee of the next round of allotments.

"The facts speak volumes... that the learned judge has misused his judicial function as liveries to obtain personal interest is clearly discernible... There is undoubtedly an unholy nexus in between the passing of the judicial order and granting the order of allotment, it said. "With due respect to the judge, Justice BP Banerjee, he has misused his divine judicial duty as liveries to accomplish his personal ends. He has betrayed the trust of the people," the court said rejecting Mr Banerjee's prayer that the facts were a mere coincidence.



"The matter could have been different if the learned judge had got allotment from the chief minister's quota simpliciter like any other citizen." The court directed the retired judge to hand over "vacant and peaceful possession" of the plot of land and the bungalow constructed thereon (in lieu of the market value) to the state government.

The court gave various options to the state government to follow up its orders. The government could appoint a valuer and offer the construction price of the building to Mr Banerjee and take over the building within one year, provided the judge's family gave an undertaking within eight weeks to hand it over. Or give him the market price of the building after auctioning both and sell it off to the highest bidder. And the judge should vacate it within one week after receipt of the amount.

It directed the state chief secretary to submit a report of compliance with its orders within six months.

Quota row: Petitioners' perseverance pays

Anindya Sengupta in Kolkata

Nov. 19. — First, the information that shows how a judge passed an order to ensure allotment of a prime Salt Lake land in his favour and the chief minister and Left stalwart who made this allotment to the judge. From the mouths of the petitioners in the case themselves — Mr Dipak Ghosh, former IAS officer and Trinamul MLA, Mr Tarak Singh, former Congress councillor (from Delhi) and his lawyer Mr Arunava Ghosh, Trinamul MLA. This is what they told The Statesman in an exclusive interview on Friday:

"Following a case filed by Salt Lake Welfare Association, Mr Bhagabati Prasad Banerjee, the then Calcutta High Court judge, passed an order of injunction, disallowing allotment of lands in Salt Lake by the state government till the disposal of the case. The Association had filed the case on the ground that lands were being allotted in Salt Lake by the Marxist government in violation of Salt Lake's master plan.

"After hearing out the petitioners, Mr Banerjee passed the injunction order on 8 June, 1987. And then came the sudden turn of events. Three days after the injunction order was passed, the then Advocate General of West Bengal appeared in court and made an oral submission that only the chief minister be allowed to allot lands in Salt Lake from his discretionary quota. Interestingly, the very concept of a chief minister's 'quota' didn't exist when the submission was made.

"Immediately, that is on 11 June, 1987, Mr Banerjee vacated the injunction and passed an order allowing the then chief minister Mr Jyoti Basu to allot lands in Salt Lake. And the first thing Mr Basu did was to allot prime land to the judge in October 1987, based on the application for land he had made to the government before the case came up for hearing.

"After 1987, Mr Basu allotted Salt Lake lands to those close to him including politicians, bureaucrats, police brass and even his brother-in-law. Interestingly, Mr Basu's brother-in-law, Subimal Bose, is no more and Mr Jyoti Basu's son has built a palatial building on that plot. Over the next few years, Mr Basu made 294 land allotments from his so-called discretionary quota and there was little opposition to his actions. Indeed, prior to the Basu episode, a committee comprising CPI-M ministers and leaders had reportedly made as over 2000 land allotments of Salt Lake lands at will in the mid-1980s.

